
# মাইক্রোসফট এক্সেলে অ্যানালাইসিস টুলপ্যাক ব্যবহার

**মুহম্মদ আনোয়ার হোসেন ফকির**
*লিড কনসালট্যান্ট, ট্রেইনিং বাংলা*


অ্যানালাইসিসটুলপ্যাক একটি এক্সেল এড-ইন প্রোগ্রাম; যা আর্থিক, পরিসংখ্যান এবং প্রকৌশল উপাত্ত বিশ্লেষণের জন্য ডেটা অ্যানালাইসিস সরঞ্জাম সরবরাহ করে।অ্যানালাইসিস টুলপ্যাক সাধারণত ইনস্টল করা থাকে না। প্রয়োজনে লোড করে নিতে নিম্নলিখিত পদক্ষেপগুলো অনুসরণ করতে হবে।

১. ফাইল ট্যাবেOption-এর ওপর ক্লিক করুন।


২. Add-ins-এর অধীনেAnalysis ToolPak নির্বাচন করে নিচের দিকেGo বাটনে ক্লিক করুন।





৩. অ্যানালাইসিসটুলপ্যাকচেক করেOK ক্লিক করুন।




৪. ডেটা ট্যাবেঅ্যানালাইসিস গ্রুপে আপনি এখন ডেটা অ্যানালাইসিসেক্লিক করতেপারেন।




৫. উদাহরণস্বরূপ, হিস্টোগ্রাম নির্বাচন করুন এবং এক্সেলে একটি হিস্টোগ্রাম তৈরি করতেOK ক্লিক করুন।





কিছু কাল্পনিক তথ্য দিয়ে এই উদাহরণেশেখার চেষ্টা করবকীভাবে এক্সেলেএকটি হিস্টোগ্রাম তৈরি করা যায়।


১. প্রথমেC4:C8 রেঞ্জের বিন নম্বর (Upper Levels) প্রবেশ করান।

| | A | B | C | D |
|---|---|---|---|---|
| 1 | Number of students | | | |
| 2 | 22 | | | |
| 3 | 29 | | | |
| 4 | 40 | | 20 | |
| 5 | 30 | | 25 | |
| 6 | 48 | | 30 | |
| 7 | 24 | | 35 | |
| 8 | 21 | | 40 | |
| 9 | 19 | | | |
| 10 | 24 | | | |
| 11 | 22 | | | |
| 12 | 25 | | | |
| 13 | 52 | | | |
| 14 | 35 | | | |
| 15 | 40 | | | |
| 16 | 31 | | | |
| 17 | 37 | | | |
| 18 | 21 | | | |
| 19 | 23 | | | |
| 20 | | | | |

২. ডেটা ট্যাবে, অ্যানালাইসিস গ্রুপে, ডেটাঅ্যানালাইসিস ক্লিক করুন।




৩. হিস্টোগ্রাম নির্বাচন করেOK ক্লিক করুন।





৪. ইনপুট রেঞ্জ বক্সটিতে পরিসীমা A2:A19 নির্বাচন করুন।


৫. বিন রেঞ্জ বক্সে ক্লিক করে পরিসীমা C4:C8 নির্বাচন করুন।

৬. আউটপুট রেঞ্জ অপশন বাটনে ক্লিক করুন, আউটপুট রেঞ্জ বক্সে ক্লিক করুন এবং সেল F3 নির্বাচন করুন।

৭. চার্ট আউটপুট বক্সটি চেক করুন।





৮. OK ক্লিক করুন।





৯. চার্টটির ডান পাশে অবস্থিত “Frequency” লেখা Legendক্লিক করুন এবং মুছে ফেলুন।

১০. চার্টের বিন রেঞ্জ সঠিকভাবে লেবেল করুন।


১১.বারের মধ্যবর্তী স্থান অপসারণ করতে একটি বারে মাউসের ডান বাটন ক্লিক করুন, Format Data Series ক্লিক করুন এবং গ্যাপ প্রস্থ ০% পরিবর্তন করুন।




১২. সীমানা যোগ করতে একটি বারের ওপর মাউসের ডান বাটন ক্লিক করুন, Format Data Series ক্লিক করুন, Fill & Line আইকন ক্লিক করুন, Border ক্লিক করুন এবং একটি রঙ নির্বাচন করুন।





ফলাফল :





আপনার যদি এক্সেল ২০১৬ বা তার ওপরের কোনো ভার্সন থাকে, তবে শুধুমাত্র হিস্টোগ্রাম চার্ট টাইপ ব্যবহার করুন।


১৩. পরিসীমাA1:A19 নির্বাচন করুন।




১৪. ইনসার্ট ট্যাবে, চার্ট গ্রুপেহিস্টোগ্রামপ্রতীক নির্বাচন করুন।




১৫. হিস্টোগ্রাম ক্লিক করুন।





ফলাফল : ৩ বিনবিশিষ্ট একটি হিস্টোগ্রাম।





দ্রষ্টব্য: এক্সেল বিন সংখ্যা এবং বিন প্রস্থ গণনা করার জন্য স্কটের স্বাভাবিক রেফারেন্স নিয়ম ব্যবহার করে।

১৬. horizontal axis-এ মাউসের ডান বাটন ক্লিক করেFormat Axisক্লিক করুন।





Format Axis pane প্রদর্শিত হয়।


১৭. হিস্টোগ্রাম বিন সংজ্ঞায়িত করুন। আমরা আগের মতো একই বিন নম্বর ব্যবহার করব। বিন প্রস্থ: ৫. বিনসংখ্যা: ৬. ওভারফ্লো বিন: ৪০. আন্ডারফ্লো বিন : ২০।




ফলাফল :




মনে রাখবেন, আমরা অ্যানালাইসিসটুলপ্যাক (ধাপ 1-12) ব্যবহার করে নিম্নলিখিত হিস্টোগ্রাম তৈরি করেছি।




উপসংহার: বিন লেবেল ভিন্ন দেখায়, কিন্তু হিস্টোগ্রাম একই। ≤২০ ০-২০, (২০, ২৫) ২১-২৫ ইত্যাদির সমান কজ

*ফিডব্যাক : anowar@trainingbangla.com*